রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

শাখা-৭

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ ১৪১৭/১ জুন ২০১০

নং প্রকবৈকম/শাখা-৭/কর্মীদক্ষতা উন্নয়ন/২০০৯/৯৭—প্রস্তাবনা ঃ যেহেতু সরকারের নিকট প্রতীয়মান হইয়াছে যে, দেশের যুব সমাজ ও চাকরি হারানোর কারণে দেশে প্রত্যাগত শ্রমিকদের দক্ষতা উন্নয়ন করা এবং পরিবর্তিত বিশ্ব শ্রমবাজারে অধিক দক্ষ জনশক্তির চাহিদার প্রেক্ষিতে জীবিকা তথা কর্মসংস্থানের নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন; এবং

যেহেতু দক্ষতা উন্নয়নের মাধ্যমে বিদেশে শ্রমবাজার সংরক্ষণ ও সম্প্রসারণ, নতুন শ্রমবাজার অনুসন্ধান, চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স প্রবর্তন, বিদেশ প্রত্যাগত শ্রমিকদের পুনঃপ্রশিক্ষণ এবং বিদেশে গমনেচ্ছু শ্রমিকদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন করার জন্য একটি তহবিল গঠন করা প্রয়োজন; এবং

যেহেতু উক্ত তহবিল পরিচালনার জন্য একটি নীতিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন,

সেহেতু এতদ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইল ঃ—

১। **নীতিমালার নাম ও প্রবর্তন।**—(১) এই নীতিমালা অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল পরিচালনা নীতিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

মূল্য ঃ টাকা ৪.০০

২। **সংজ্ঞা**।—বিষয় ও প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই নীতিমালায়—

(১) "তহবিল" অর্থ অনুচ্ছেদ ৩ অনুযায়ী গঠিত অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল;

(২) "পরিচালনা কমিটি" অর্থ অনুচ্ছেদ ৬(৫) অনুযায়ী গঠিত তহবিল পরিচালনা পরিচালনা কমিটি;

(৩) "বোর্ড" অর্থ অনুচ্ছেদ ৬(২) অনুযায়ী গঠিত তহবিল পরিচালনা বোর্ড।

৩। **তহবিল গঠন ও ব্যবস্থাপনা**।—(১) এই নীতিমালা কার্যকর হইবার পর অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল নামে একটি তহবিল থাকিবে।

(২) **নিম্নবর্ণিত উৎস হইতে প্রাপ্ত অর্থ সমন্বয়ে তহবিল গঠিত হইবে, যথা ঃ—**

(ক) সরকার কর্তৃক বরাদ্দকৃত তহবিল (Endowment Fund);

(খ) উন্নয়ন সহযোগী কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) সকার কর্তৃক অনুমোদিত অন্য যে কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ;

(ঘ) সরকারের অনুমোদনসহ কোন ব্যক্তি, বেসরকারী সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনুদান;

(ঙ) তহবিলের অর্থ হইতে প্রাপ্ত সুদ ও মুনাফা।

৩। তহবিলের ব্যবস্থাপনা হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) এই নীতিমালার উদ্দেশ্য বাস্তবায়নকল্পে বোর্ডের অনুমোদনক্রমে তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ;

(খ) বোর্ডের অনুমোদনক্রমে তহবিলের অর্থ সরকারী নীতিমালা অনুযায়ী ব্যাংকে মেয়াদী বা অন্য কোন লাভজনক হিসাবে জমা রাখা এবং সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা;

(গ) উক্ত জমার বিপরীতে অর্জিত লভ্যাংশ হতে তহবিলের আওতায় গৃহীতব্য বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা;

(ঘ) ব্যাংকের হিসাব বোর্ডের সভাপতি এবং বোর্ডের সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

৪। **তহবিলের উদ্দেশ্য ও বাস্তবায়ন কৌশল**।—(১) তহবিলের উদ্দেশ্য হইবে—

(ক) দেশের মানব সম্পদের সার্বিক দক্ষতা উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি;

(খ) বিদেশে গমন প্রত্যাশী শ্রমিকদের জন্য বাজার অনুসন্ধান এবং চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স প্রণয়ন ও বাস্তবায়ন;

(গ) বিদেশ হইতে প্রত্যাগত জনশক্তির পুনঃপ্রশিক্ষণের মাধ্যমে দেশে এবং বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

(২) **এই নীতিমালার অধীন গৃহীতব্য কার্যক্রমসমূহের বাস্তবায়ন কৌশল হইবে নিম্নরূপ, যথা ঃ—**

(ক) বর্তমান ও ভবিষ্যত চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ কাঠামো তৈরী;

(খ) উপযুক্ত প্রশিক্ষণার্থী নির্বাচন;

(গ) প্রশিক্ষণের উদ্দেশ্য যথাযথভাবে অর্জনের জন্য মানদন্ড প্রতিষ্ঠা ও যাচাইকরণ;

(ঘ) নিয়োগ প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন;

(ঙ) বিদেশস্থ শ্রম উইং ও দূতাবাসসমূহের সহিত যোগাযোগ ও উহাদের সম্পৃক্তকরণ।

৫। বাস্তবায়নকারী মন্ত্রণালয়।—তহবিলের বাস্তবায়নকারী মন্ত্রণালয় হইবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

৬। তহবিল পরিচালনা বোর্ড, ইত্যাদি।—(১) এই নীতিমালার অধীন তহবিল পরিচালনার জন্য তহবিল পরিচালনা বোর্ড নামে একটি বোর্ড থাকিবে।

(২) **তহবিল পরিচালনা বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ—**

(ক)	সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	-	সভাপতি
(খ)	মহা-পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)	-	সদস্য
(গ)	যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	-	সদস্য
(ঘ)	যুগ্ম-সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	-	সদস্য
(ঙ)	যুগ্ম-সচিব, শিক্ষা মন্ত্রণালয়	-	সদস্য
(চ)	প্রেসিডেন্ট, Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)	-	সদস্য
(ছ)	প্রেসিডেন্ট, এমপ্লয়ার্স ফেডারেশন	-	সদস্য
(জ)	যুগ্ম-সচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	-	সদস্য-সচিব

(৩) **তহবিল পরিচালনা বোর্ডের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—**

(ক) তহবিলের উদ্দেশ্য ও কৌশল বাস্তবায়ন;

(খ) তহবিলের সার্বিক পরিচালনাসহ ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ ও নিয়ন্ত্রণ;

(গ) তহবিলের অর্থে গৃহীতব্য কার্যক্রম বাস্তবায়নে নীতিনির্ধারণ, দিক নির্দেশনা এবং কার্যক্রমসমূহের চূড়ান্ত অনুমোদন প্রদান;

(ঘ) তহবিল হইতে বাস্তবায়িত কার্যক্রমসমূহের পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(ঙ) বাৎসরিক ভিত্তিতে প্রতিবেদন সরকারের নিকট উপস্থাপন।

(৪) তহবিল পরিচালনা বোর্ডের সভা কমপক্ষে প্রতি ৩ মাসে একবার অনুষ্ঠিত হইবে, তবে বোর্ডের সভাপতির অনুমতিক্রমে প্রয়োজনে যে কোন সময়ে বোর্ডের সভা আহবান করা যাইবে।

৭। **তহবিল পরিচালনা কমিটি, ইত্যাদি।—(১)** বোর্ডকে সহায়তা করিবার উদ্দেশ্যে তহবিল পরিচালনা কমিটি নামে একটি কমিটি থাকবে।

(২) **তহবিল পরিচালনা কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ—**

(ক)	যুগ্ম-সচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	-	সভাপতি
(খ)	উপ-সচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	-	সদস্য
(গ)	উপ-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	-	সদস্য
(ঘ)	উপ-সচিব, শিক্ষা মন্ত্রণালয়	-	সদস্য
(ঙ)	উপ-সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	-	সদস্য
(চ)	পরিচালক (প্রশিক্ষণ), বিএমইটি	-	সদস্য
(ছ)	প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক	-	সদস্য
(জ)	অধ্যক্ষ, বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা	-	সদস্য
(ঝ)	অধ্যক্ষ, বিআইএমটি, নারায়ণগঞ্জ	-	সদস্য
(ঞ)	মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি	-	সদস্য
(ট)	প্রতিনিধি, বেসরকারী সংস্থা	-	সদস্য
(জ)	সিনিযর সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	-	সদস্য-সচিব

(৬) পরিচালনা কমিটির সভা অন্যূন প্রতি ২ মাসে একবার অনুষ্ঠিত হইবে, তবে পরিচালনা কমিটির সভাপতির অনুমতিক্রমে প্রয়োজনে যে কোন সময়ে কমিটির সভা আহবান করা যাইবে।

(৭) পরিচালনা কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) বোর্ডকে সার্বিক সহায়তা প্রদান;

(খ) তহবিলের অধীনে গৃহীতব্য বিভিন্ন কার্যক্রমসমূহের অগ্রগতি তদারকি ও মূল্যায়ন;

(গ) সামগ্রিক ব্যয় অনুমোদন ও অর্ধ ছাড়করণ সংক্রান্ত সুপারিশ প্রণয়নপূর্বক বোর্ডের নিকট উপস্থাপন;

(ঘ) নতুন শ্রম বাজার অনুসন্ধান ও বর্তমান জনশক্তির রপ্তানীর ধারা সংরক্ষণ ও সম্প্রসারণের লক্ষ্যে—

(১) বৈদেশিক শ্রমবাজার সংক্রান্ত তথ্য সংগ্রহ;

(২) নতুন শ্রম বাজার অন্বেষনের উদ্যোগ গ্রহণ;

(৩) বর্তমান শ্রম বাজার সংরক্ষণের জন্য বিদেশস্থ শ্রম উইং ও দূতাবাসের সঙ্গে নিবিড় যোগাযোগ স্থাপন;

(৪) নিয়োগ প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন।

(ঙ) প্রশিক্ষণ সংক্রান্ত কর্ম পরিকল্পনা গ্রহণের লক্ষ্যে—

(১) জব কাউন্সেলিং;

(২) উপযুক্ত প্রশিক্ষণার্থী নির্বাচন;

(৩) প্রশিক্ষণের ধরন/ট্রেড নির্ধারণ;

(৪) প্রশিক্ষণের স্থান ও প্রশিক্ষক নির্বাচন;

(৫) প্রশিক্ষণ পরিচালনা ও মান নিয়ন্ত্রণ;

(৬) প্রশিক্ষণ মেয়াদ ও বিস্তারিত তফসিল প্রণয়ন;

(৭) প্রশিক্ষণের পর সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ।

(চ) বিদেশ প্রত্যাগত কর্মীদের সামাজিক ও অর্থনৈতিক পুনঃএকত্রীকরণের (রিইন্টিগ্রেশন) লক্ষ্যে—

(১) কাউন্সেলিং;

(২) প্রশিক্ষণ বা পুনঃ প্রশিক্ষণ;

(৩) নিয়োগ প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন।

৮। **নীতিমালার সংশোধন**।—এই নীতিমালার পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে অন্যূন দুজন সদস্যের লিখিত সংশোধনীর প্রস্তাব বোর্ডের সভায় উপস্থাপন করিতে হইবে এবং বোর্ডের মোট সদস্যের দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতিতে সংশোধনী প্রস্তাব গৃহীত হইবে।

৯। **তহবিল পরিচালনা নীতিমালার ব্যাখ্যা**।—তহবিল পরিচালনা নীতিমালার ব্যাখ্যা সম্পর্কিত কোন বিষয়ের উদ্ভব হইলে বিষয়টি বোর্ডের সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা যাইবে।

১০। **আইনী কাঠামো**।—Societies Registration Act, 1860 (Act No. XXI of 1860) এর আওতায় তহবিল গঠিত হইবে এবং উক্ত Act এর বিধান অনুসারে তহবিল পরিচালিত হইবে, তবে বিদেশী অনুদান গ্রহণের সুবিধার্থে তহবিল একটি এনজিও হিসাব Foreign Donations (Voluntary Activities) Regulation Ordinance, 1978 (Ordinance No. XLVI of 1978) এর অধীন নিবন্ধিত হইবে।

১১। **পরিবীক্ষণ ও মূল্যায়ন**।—তহবিল পরিচালনা বোর্ড তহবিলের পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করিবে, যথা ঃ—

(১) তহবিল হইতে বাস্তবায়িত প্রকল্পসমূহের পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং বাৎসরিক ভিত্তিতে একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ;

(২) তহবিলের মাধ্যমে বিদেশে শ্রমবাজার অনুসন্ধান ও সম্প্রসারণ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সংক্রান্ত যে সকল কার্যাবলী সম্পাদন করা হইবে উহা কোন স্বীকৃত বেসরকারী গবেষণা প্রতিষ্ঠানের মাধ্যমে মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ;

(৩) তহবিলের যথার্থ ব্যবহার এবং তহবিলের অর্থ নির্ধারিত কার্যক্রমের বিপরীতে ব্যয়িত হইয়াছে কি না উহা নিশ্চিতকল্পে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে সরকার বহির্ভূত অন্য কোন স্বাধীন মূল্যায়নকারী ব্যক্তি/সংস্থা নিয়োগ প্রদান।

১২। **হিসাব রক্ষণ ও নিরীক্ষা**।—(১) বোর্ড কর্তৃক নিযুক্ত Bangladesh Chartered Accountants Order, 1973 (P. O. No. 2 of 1973) এর অধীন একজন চার্টার্ড একাউন্টেন্ট তহবিলের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষাপূর্বক উহার বার্ষিক বিবরণী প্রস্তুত করিয়া বোর্ডের নিকট দাখিল করিবেন।

(২) বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর তহবিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের অনুলিপি সরকারের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা(২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি তহবিলের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবে।

১৩। **নীতিমালায় বর্ণিত হয় নাই এমন বিষয় সংক্রান্ত বিধান**।—তহবিল পরিচালনার বিষয়ে নীতিমালায় বর্ণিত হয় নাই এমন বিষয়ে প্রচলিত সরকারি বিধি-বিধান প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. জাফর আহমেদ খান
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd